চুয়াডাঙ্গায় উগ্রবাদ প্রতিরোধে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দিনব্যাপী সেমিনার

চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্কুল কলেজের শিক্ষক, ছাত্র, গণমাধ্যমকর্মী এবং সুশীল সমাজের নাগরিকদের অংশগ্রহণে উগ্রবাদ প্রতিরোধে দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ লাইন ড্রিল শেডে বাংলাদেশ পুলিশের সন্ত্রাস দমন ও আন্তর্জাতিক অপরাধ প্রতিরোধ কেন্দ্র নির্মাণ প্রকল্প সহযোগিতায় ও চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে উগ্রবাদ প্রতিরোধ দিনবব্যাপী এ সেমিনার অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) আবু তারেকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন। এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা পুলিশ সুপার বলেন, পুলিশ জনগণের বন্ধু। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়তে হলে আমাদের সকল ধর্মের প্রতি শ্রদ্ধা জানাতে হবে।

পুলিশ কাজ করে যাচ্ছে সাধারণ মানুষের কল্যানের জন্য কিন্তু এই মধ্যে কিছু মানুষ ধর্মের দোহাই দিয়ে সুযোগ নিচ্ছে উগ্রবাদের গড়ে তুলছে জেএমবি সহ বিভিন্ন ধরনের জঙ্গি সংগঠনের। আমাদের সকলের ধর্ম নিরপেক্ষ হতে হবে।

এ সময় তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্রদের প্রতি আহবান করে বলেন, আমাদের সব সময় সচেতন থাকতে হবে যার যার যে ধর্ম সেই ধর্ম মেনে চলতে হবে। সেইসাথে ইসলামিক শরিয়ত মোতাবেক কাজ করতে হবে কিন্তু কোন প্রকার উগ্রবাদ ও জঙ্গি সংগঠনের আশ্রয় নেওয়া যাবে না। বাংলাদেশ একটি শান্তিপূর্ণ দেশ এই দেশে কোন প্রকার জঙ্গি ও উগ্রবাদের সন্ধান পেলে আমরা তা প্রতিহত করতে সক্ষম হবো।পুলিশ এখন প্রযুক্তি ও আইসিটি দিন থেকে অনেক শক্তিশালী।

চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্কুল ও কলেজের শিক্ষক ছাত্র গণমাধ্যমকর্মী এবং সুশীল সমাজের নাগরিকদের অংশগ্রহণ উগ্রবাদ প্রতিরোধে শীর্ষক দিনব্যাপী এই সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের আলোচনা সভা শেষে সেমিনার উপলক্ষে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার কাউন্টার টেটোরিজম ইউনিট শেখ ইমরান হোসেন বিপিএম পিপিএম

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজ অধ্যক্ষ প্রফেসর মোঃআজিজুর রহমান, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি এ্যাডভোকেট মানিক আকবর সহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের কর্মকর্তা ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ।